



পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ
ম্যাটেরিয়াল প্ল্যানিং শাখা
ফোনঃ ০৭৫১-৬৩৮৩৩, তথ্য বাতায়নঃ
পিজিসিএল.বাংলা

নম্বর ২৮.১৮.০০০০.০৪৯.৩৯.০০২.২১.৯৬

তারিখ: ৮ কার্তিক ১৪২৮

২৪ অক্টোবর ২০২১

ওয়েল্ডার ও ফিটার তালিকাভুক্তিকরণ বিজ্ঞপ্তি

বিষয়: মুজিব বর্ষ উদযাপন উপলক্ষ্যে পিজিসিএল-এ ১.২ ও ১.৩ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠানের জন্য ওয়েল্ডার (সি এবং ডি গ্রেড) ফিটার ডি গ্রেড তালিকাভুক্তকরণের সময় বর্ধিতকরণ প্রসঙ্গে।

পিজিসিএল এর আওতাধীন এলাকায় ১.২ ও ১.৩ শ্রেণীর তালিকায় অন্তর্ভুক্ত গ্যাস পাইপ লাইন নির্মাণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের অধীনে ওয়েল্ডার (সি গ্রেড এবং ডি গ্রেড) ও ফিটার (সি গ্রেড) হিসাবে কাজ করার জন্য যোগ্যতা যাচাই পরীক্ষায় অংশ গ্রহণ করতে আগ্রহী প্রার্থীদের অত্র কোম্পানির নির্ধারিত ফরমে আবেদন করার জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

আবেদনের যোগ্যতা: ৮ম শ্রেণি পাস, পাইপ লাইন নির্মাণ ও গ্যাস সরঞ্জাম স্থাপন কাজের অভিজ্ঞতা (যদি থাকে) , ০৩/০৬ মাস কারিগরি ট্রেড কোর্স সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। যোগ্যতা যাচাই পরীক্ষায় অংশগ্রহণকারী ওয়েল্ডারদের আবেদপত্রের ফি বাবদ টাকা ১,৫০০.০০ (এক হাজার পাঁচ) মাত্র (অফেরতযোগ্য) এবং ফিটারদের আবেদপত্রের ফি বাবদ টাকা ১০,০০.০০ (এক হাজার) মাত্র (অফেরতযোগ্য) । নির্ধারিত ৩১/১০/২০২১ তারিখের মধ্যে "পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড"-এর অনুকূলে বেসিক ব্যাংক লিমিটেড, হিসাব নম্বর : SND ২৯১৬-০১-০০০০০৫৩-এ বেসিক ব্যাংক-এর যে কোন শাখায় জমা প্রদান / যে কোন সরকারী তফশিলীভুক্ত ব্যাংক হতে পে-অর্ডার করতে হবে। টাকা জমা প্রদানের মূল রসিদ/ পে-অর্ডার এর মূল কপি আবেদনের সহিত জমা প্রদান করতে হবে। আগামী ২৫.১০.২০২১ হতে ৩১.১০.২০২১ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে পিজিসিএল এর পরিকল্পনা বিভাগের ম্যাটেরিয়াল প্ল্যানিং শাখা, নলকা, সিরাজগঞ্জ হতে এবং পিজিসিএল এর ওয়েব সাইট (pgcl.org.bd) হতে আবেদন পত্র সংগ্রহ করা যাবে। আবেদনপত্র পিজিসিএল এর পরিকল্পনা ডিপার্টমেন্টে-এ প্রার্থী/বাহক স্বশরিরে উপস্থিত হয়ে জমা প্রদান করতে হবে।।

প্রয়োজনে ম্যাটেরিয়াল প্ল্যানিং শাখার ব্যবস্থাপক (মোবাইল নং- ০১৭০৮৪৯৪৮৫৬) এর দপ্তর হতে আবেদন পত্র সংগ্রহ ও যে কোন তথ্যের জন্য যোগাযোগ করতে পারবেন। ওয়েল্ডার ও ফিটারগণের টেস্ট গ্রহণের ব্যাপারে পিজিসিএল এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

অন্যান্য বিষয়াদি:

- ১) আবেদনপত্র জমাদানকালে যাচাই-বাছাই করার পর প্রার্থীর নামে ইন্টারভিউ কার্ড /প্রবেশ পত্র প্রদান করা হবে। আলাদাভাবে ডাকযোগে কোন ইন্টারভিউ কার্ড / প্রবেশ পত্র প্রেরণ করা হবে না। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
- ২) আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে ক) আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ কপি এবং ষ্ট্যাম্প সাইজের ০২ কপি রজিন ছবি খ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি গ) আবেদন ফি জমাদানের মূল রসিদ ঘ) শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি ঙ) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ পত্র চ)। অভিজ্ঞতা (যদি


থাকে) ছ) সকল কাগজপত্র ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।

৩) সনদধারী ফিটারগণ গ্যাস পাইপ লাইন নির্মাণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানে ব্যক্তিগত উদ্যোগে নিয়োজিত হবেন। কোম্পানি কোন ওয়েল্ডার/ ফিটারের কর্মসংস্থানের দায়িত্ব নিবে না।

৪) নির্দিষ্ট তারিখের পর আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৫) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ ডিএ প্রদান করা হবে না।

৬) লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীকে ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণ করার জন্য পিজিসিএল এর ওয়েব সাইট (pgcl.org.bd)/ মোবাইল ফোন মারফত জানানো হবে।



২৪-১০-২০২১

এস.এম. মহিবুর রহমান

উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

২) সংশ্লিষ্ট সকল উপ-মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

৩) ব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

৪) সহকারী ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড